যুগান্তর

তারিখ ... 22 JUN 2016 ...
পৃষ্ঠা ...২.৬... কলাম ..৬... ......

# মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা সেপ্টেম্বরে

যুগান্তর রিপোর্ট

২০১৬-১৭ শিক্ষাবর্ষে মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত হবে। মঙ্গলবার সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় পর্যায়ে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মডিয়ার সম্পাদক, সাংবাদিক, সুশীল সমাজ, স্বাচিপ ও বিএমএ নেতাদের সঙ্গে সভা করে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এ ঘোষণা দেন। তবে পরীক্ষার তারিখ বলা হয়নি।

এবার মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার অনেক আগেই ব্যাপক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। পরীক্ষায় অংশগ্রহণকারী এবং অভিভাবকদের মধ্যে যেন কোনো বিভ্রান্তি ছড়াতে না পারে সে জন্য এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় দেশের মেডিকেল শিক্ষা ও ভর্তি পরীক্ষার পদ্ধতির উন্নয়ন নিয়ে মতামত প্রকাশ করেন অংশগ্রহণকারীরা।

সভায় মেডিকেল শিক্ষার মান উন্নয়ন ও ভর্তি পরীক্ষার পদ্ধতি আরও মজবুত করার ক্ষেত্রে সবার পরামর্শ কামনা করে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, কাজ করলে বিভিন্ন সমস্যা আসবেই। তবে যে কোনো কাজের জবাবদিহিতায় বিশ্বাস করি। সামনে মেডিকেল ভর্তি পরীক্ষা। সাধারণত সর্বোচ্চ পর্যায়ের মেধাবীরাই মেধাক্রম অনুযায়ী মেডিকেল শিক্ষা লাভের সুযোগ পেয়ে থাকে। গত বছর মেডিকেল ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়িয়ে অস্থিরতা সৃষ্টি করার অপচেষ্টা করে একটি চক্র। পরে তা মিথ্যা বলে প্রমাণিত হয়। তিনি বলেন, মেডিকেল শিক্ষার সঙ্গে প্রকৃত চিকিৎসক হওয়া এবং মানুষের সঠিক চিকিৎসা ও জীবন বাঁচানোর বিষয়টি জড়িত রয়েছে। তাই মেডিকেল শিক্ষা ও সবার কাছে গ্রহণযোগ্য ভর্তি পরীক্ষার বিষয়ে কোনো আপস করা হবে না। এ বিষয়ে কারও অন্যায় দাবি ও অনিয়ম সহ্য করা যাবে না।

মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও বিতরণের সার্বিক নিরাপত্তার বিষয় উপস্থাপন করেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচাক অধ্যাপক ডা. দীন মো. নূরুল হক। তার বক্তব্যের প্রশংসা করে দৈনিক সমকালের সম্পাদক গোলাম সারওয়ার বলেন, প্রশ্নপত্র তৈরি করতে যে নিরাপত্তা ও নিখুঁত উদ্যোগের কথা বলা হয়েছে, তা অবিশ্বাস্য ও খুবই কার্যকর।